195

দৈনিক বাংলা

তারিখ ... 20 AUG 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ৭

## নকলের আশায় কলেজ বদলের অভিযোগ

# এইচএসসি ঃ রাজশাহী বোর্ডের ১০ হাজার ছাত্রছাত্রীর পরীক্ষা বাতিল

**রাজশাহী ব্যুরো ঃ** রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন ১৯৯৭ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার প্রায় ১০ হাজার পরীক্ষার্থীর পরীক্ষা বোর্ড কর্তৃপক্ষ বাতিল করেছে বলে রাজশাহী শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে।

গত ৬ আগস্ট রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা কমিটির এক সভায় পরীক্ষার আগে নকলের আশায় কলেজ বদলের অভিযোগে এসকল পরীক্ষার্থীর পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেয়া হয় বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

রাজশাহী বোর্ড সূত্রে জানা গেছে, নকল করার সুযোগ নেয়ার আশায় গত কয়েক বছর থেকে হাজার হাজার ছাত্রছাত্রী পরীক্ষার কিছুদিন আগে কলেজ পরিবর্তন করে গ্রামের গুটিকয়েক চিহ্নিত কলেজ থেকে পরীক্ষার ফরম পূরণের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করে আসছিল। একশ্রেণীর কলেজ মোটা অংকের টাকার বিনিময়ে বোর্ডের কিছু দুর্নীতিপরায়ণ কর্মকর্তা-কর্মচারীর সহায়তায় ছাত্রদের পরীক্ষা দেয়ার ব্যবস্থা করতো। চলতি বছর শিক্ষা মন্ত্রণালয় এক নির্দেশে এই প্রবণতা রোধের জন্য যেসব ছাত্রছাত্রী কলেজ পরিবর্তন করে অন্য কলেজে ভর্তি হয়ে পরীক্ষা দেবে তাদের ক্ষেত্রে নতুন কলেজে মূল মার্কশীট জমা দেয়ার নির্দেশ দেয়া হয়। কেননা মূল মার্কশীট সাধারণঃ ছাত্রছাত্রীরা যে কলেজ থেকে পরীক্ষা দেবে সে কলেজে জমা থাকে। ফলে এই ব্যবস্থায় বোর্ডে রেজিস্ট্রেশনের সময় বিশেষ করে বেসরকারী কলেজগুলোর হাজার হাজার ছাত্রছাত্রী তাদের মূল মার্কশীট দেখাতে ব্যর্থ হয়। বোর্ড কর্তৃপক্ষ এ সকল

(৮-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### এইচএসসি ঃ রাজশাহী বোর্ডের ১০ হাজার ছাত্রছাত্রীর

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রছাত্রীদের পরীক্ষার এ্যাডমিট কার্ড ও রেজিস্ট্রেশন স্থগিত রাখলেও পরীক্ষার আগে বিশেষ পরিস্থিতিতে ছাত্রছাত্রীদের পরীক্ষা দেয়ার সুযোগ দিয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত কলেজগুলো সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমা দিতে ব্যর্থ হওয়ায় পরীক্ষা কমিটি এই ধরনের ১০ হাজার পরীক্ষার্থী ছাত্রছাত্রীর পরীক্ষা বাতিল করেছে।

অন্যদিকে বেসরকারী কিছু কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার এ পর্যায়ে বোর্ডের এ সিদ্ধান্তকে অমানবিক বলে আখ্যায়িত করেছে।